স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-২১৬ তারিখঃ ০৭ জানুয়ারি ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তিঃ

আজ ৭ জানুয়ারি দ্বাদশ সংসদ নির্বাচন উপলক্ষ্যে জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদের নেতৃত্বে একটি প্রতিনিধিদল ভোটকেন্দ্র পরিদর্শন এবং নির্বাচনী পরিস্থিতি পর্যবেক্ষণ করেন।

পরিদর্শন ও পর্যবেক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে কমিশনের প্রতিনিধিদল কেরানিগঞ্জের জয়নগর প্রাথমিক বিদ্যালয়, আটি ভাওয়াল উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, কোনাখোলা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, কায়কোবাদ একাডেমি, রাজধানীর সুরিটোলা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও টিএন্ডটি উচ্চ বিদ্যালয়সহ বিভিন্ন এলাকায় ভোটকেন্দ্র পরিদর্শন করেন।

পরিদর্শনকালে ভোটকেন্দ্রের সার্বিক নিরাপত্তা পরিস্থিতি, নারী ও সংখ্যালঘু ভোটারদের নিরাপত্তা, বয়স্ক, প্রতিবন্ধী ব্যক্তিদের ভোটাধিকার প্রয়োগ, কেন্দ্রের সুযোগ-সুবিধা, নির্বাচনকালীন মানবাধিকার পরিস্থিতি গভীরভাবে পর্যবেক্ষণ করেন। এ সময় কমিশনের প্রতিনিধিদল ভোটকেন্দ্রের প্রিজাইডিং অফিসার, পোলিং এজেন্টসহ সকল শ্রেণি-পেশার ভোটারদের সাথে কথা বলে সার্বিক পরিস্থিতি নিয়ে খোঁজ-খবর নেন।

গণমাধ্যমে সাক্ষাৎকার প্রদানকালে কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ বলেন, আজকে ভোটকেন্দ্র পরিদর্শনকালে পুরোপুরি সহিংসতামুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশ দেখেছি। সংখ্যালঘু ও নারী ভোটারগণও স্বত:স্ফূর্তভাবে ভোটাধিকার প্রয়োগ করছেন। এ পর্যন্ত কোনো অভিযোগ পাওয়া যায়নি। দিনব্যাপী নাগরিকগণ যাতে সুষ্ঠুভাবে ভোটাধিকার প্রয়োগ করতে পারে সে বিষয়ে কমিশন সজাগ রয়েছে। স্বাধীন ভোটদানের পরিবেশের মাধ্যমেই গণতান্ত্রিক মূল্যবোধ, সহনশীলতা ও মানবাধিকার সংস্কৃতির বিকাশ সম্ভব। আমি আশা করি, শান্তিপূর্ণ পরিবেশে সুষ্ঠু নির্বাচন সম্পন্ন হবে। তিনি আরও বলেন, নির্বাচনপূর্ব, নির্বাচনকালীন, নির্বাচন পরবর্তী মানবাধিকার সুরক্ষায় কমিশন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছে। কমিশন নির্বাচন পরবর্তী নিরাপত্তা পরিস্থিতিও গভীরভাবে পর্যবেক্ষণ করবে। পরিদর্শনকালে কমিশনের সার্বক্ষণিক সদস্য জনাব মো: সেলিম রেজা, অবৈতনিক সদস্য জনাব মো: আমিনুল ইসলাম, সচিব জনাব সেবাস্টিন রেমা, পরিচালক (অভিযোগ ও তদন্ত) জনাব মো: আশরাফুল আলম, পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব কাজী আরফান আশিকসহ ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

পরিদর্শনের এক পর্যায়ে জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ সস্ত্রীক কলাবাগান লেক সার্কাস বালিকা বিদ্যালয় ভোট কেন্দ্রে নিজ নিজ ভোট প্রদান করেন।

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন